# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০১২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৬. প্রথম অনুচ্ছেদ - দানসমূহ

## بَابُ الْعَطَايَا

### আরবী

وَعَنْهُ قَالَ: إِنَّمَا الْعُمْرَى الَّتِي أَجَازَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِن يَقُول: هِيَ لعقبك فَأَمَّا إِذَا قَالَ: هِيَ لَكَ مَا عِشْتَ فَإِنَّهَا ترجع إِلَى صَاحبهَا

### বাংলা

৩০১২-[৫] উক্ত রাবী [জাবির (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীবনস্বত্বের অনুমতি দিয়েছেন এভাবে যে, দাতা এরূপ বলবে- ’এটা তোমার ও তোমার উত্তরাধিকারীদের জন্য’; কিন্তু যে এভাবে বলবে, ’এটা তোমার জন্য যতক্ষণ পর্যন্ত তুমি বেঁচে থাকবে’, তখন তা তার দাতার কাছে ফিরে যাবে। (বুখারী ও মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৬২৫, মুসলিম ১৬২৫, আবূ দাউদ ৩৫৫৫, আহমাদ ১৪১৩১, ইরওয়া ১৬১২, সহীহ ইবনু হিব্বান ৫১৩৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّمَا الْعُمْرَى الَّتِىْ أَجَازَ) ফাতহুল ওয়াদূদ গ্রন্থকার বলেন, এটা জাবির বিন ‘আব্দুল্লাহ-এর ইজতিহাদ। সম্ভবত তিনি এটা (أَيُّمَا رَجُل أَعْمَرَ رَجُلًا عُمْرٰى لَه) অর্থাৎ- ‘‘যে কোনো ব্যক্তিকে জীবনস্বত্ব দান করা হবে তা তার জন্য এবং তার পরবর্তীর জন্য’’। এ হাদীসের অর্থ হতে গ্রহণ করেছেন। আর ইজতিহাদ কখনো ভাষ্যের বিরোধিতা করতে পারে না। আর ইজতিহাদে কোনো দলীল নেই। সুতরাং এর মাধ্যমে সাধারণ হাদীসগুলো বিশেষিত হবে না। (মিরকাতুল মাফাতীহ; ‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৫৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68339

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন